

Times Today BD

রিফাত ইসলাম | ক্যাম্পাস | 03 June, 2025

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) একাডেমিক ভবন-১ এর পঞ্চম তলার ছাদ ঢালাইয়ের মাধ্যমে সম্প্রসারণ কাজের উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (০৩ জুন) সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী ভবন-১ (কবি হেয়াত মামুদ ভবন) এর পঞ্চম তলার ছাদ ঢালাই কাজের উদ্বোধন করেন। আনুষ্ঠানিক এই কাজের উদ্বোধনের মাধ্যমে একাডেমিক ভবনটিকে বর্তমান চতুর্থ তলা থেকে ষষ্ঠ তলা পর্যন্ত সম্প্রসারণ করা হবে।

এ সময় উপাচার্য জানান, শ্রেণীকক্ষ সংকট দূর করে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ভবনটির সম্প্রসারণ কার্যক্রম শুরু করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন তিনি। বেরোবি উপাচার্য জানান, একাডেমিক ভবন-১ এর মতোই একাডেমিক ভবন-২ ছয় তলা পর্যন্ত সম্প্রসারণ করা হবে। তিনি বলেন, শিক্ষার্থীদের কথা চিন্তা করে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম একটা সন্তোষজনক পর্যায়ে আনার জন্য বর্তমান প্রশাসন বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে।

ছাদ ঢালাই কাজের উদ্বোধনকালে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ হারুন-অর রশিদ, প্রকৌশল দপ্তরের প্রকৌশলী বৃন্দ, ঠিকাদারী প্রতিষ্ঠান পারভেজ কনস্ট্রাকশনের সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

রংপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 09 June, 2025 04:42

URL: <https://timestodaybd.com/public/campus/3291750435>